

advertisement

শিক্ষা প্রশাসনে রদবদল

নিজস্ব প্রতিবেদক

২৯ আগস্ট ২০১৯ ০০:০০ | আপডেট: ২৮ আগস্ট ২০১৯ ২৩:৩০



দৈনিক
আমাদের সময়

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) বিভিন্ন প্রকল্প, অনুবিভাগ এবং কলেজের বিভিন্ন পদে কর্মকর্তাদের রদবদল করেছে শিক্ষা মন্ত্রণালয়। গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে এ সংক্রান্ত অফিস আদেশ জারি করা হয়েছে। এতে স্বাক্ষর করেছেন উপসচিব মো. ফরহাদ হোসেন।

আদেশে সরকারি মাধ্যমিক বিদ্যালয়গুলোর উন্নয়ন প্রকল্পের উপপরিচালক সহযোগী অধ্যাপক মো. মিজানুর রহমানকে ভোলার ফজিলাতুল্লাহ মুজিব সরকারি মহিলা কলেজে বদলি করা হয়েছে। এই প্রকল্পের সহকারী প্রকল্প পরিচালক এএসএম এমদাদুল কবিরকে

উপপরিচালক হিসেবে পদায়ন করা হয়েছে। নরসিংদীর শিবপুর উপজেলার সরকারি শহীদ আসাদ কলেজের সহকারী অধ্যাপক মো. আকরাম হোসেনকে ওই প্রকল্পের সহকারী পরিচালক হিসেবে নিয়োগ করা হয়েছে।

মাউশির সহকারী পরিচালক (কলেজ-৩) সহকারী অধ্যাপক ফারহানা আক্তারকে মাগুরার হোসেন শহীদ সোহরাওয়ার্দী কলেজে বদলি করা হয়। এই পদে নিয়োগ দেওয়া হয়েছে নারায়ণগঞ্জের সরকারি তোলারাম কলেজের বাংলা বিষয়ের সহকারী অধ্যাপক মো. আবদুল কাদেরকে।

মাউশির উপপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) সহযোগী অধ্যাপক ড. জাহাঙ্গীর হোসেনকে ঝালকাঠি সরকারি কলেজে বদলি করা হয়েছে। এই পদে নিয়োগ দেওয়া হয়েছে চট্টগ্রাম কলেজের ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক আনিকা রাইসা চৌধুরীকে।

advertisement